JUN. 19 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ...
পৃ: ৮ ১

# ঢাঃ বিঃতে শিক্ষক সংকট ☐ ৩১৯টি পদ শূন্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩১৯টি শিক্ষকের পদ বর্তমানে শূন্য রয়েছে। বিশ্ববিদ্যালয়ের মোট ১ হাজার ৪শ' ২৭টি শিক্ষক পদের মধ্যে--১ হাজার ১শ' ৮ জন শিক্ষক রয়েছেন। বাকি পদগুলো দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। এ শিক্ষক সংকটের ফলে শিক্ষার্থীদের শিক্ষাদান কার্যক্রম ব্যাহত

৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃতে শিক্ষক সংকট

৮-এর পৃষ্ঠার পর

হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের মোট অনুমোদিত ৫শ' ৬৫টি পদের মধ্যে ৪৯৫ জন শিক্ষক রয়েছেন। বাকি ৭০টি পদ শূন্য আছে। সহযোগী অধ্যাপক পদে ২শ' ৫৭ জনের মধ্যে ২শ' ১৯ জন শিক্ষক আছেন। বাকি ৩৮টি পদ খালি রয়েছে। সহকারী অধ্যাপক পদে এক-তৃতীয়াংশ পদই খালি রয়েছে। এই ক্যাটাগরিতে মোট পদ ৩শ' ৬১টি। শিক্ষক আছেন ২৩৮ জন। বাকি ১শ' ২৩টি পদ শূন্য। লেকচারারের মোট অনুমোদিত ২৪৪টি পদের মধ্যে রয়েছেন ১শ' ৫৬ জন। লেকচারার পদে বাকি ৮৮টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। বর্তমান জোট সরকার ক্ষমতাসীন হওয়ার পর সকল ধরনের নিয়োগের ওপর নিষেধাজ্ঞা আরোপ করায় ঢাকা বিশ্ববিদ্যালয়েও শিক্ষক নিয়োগ কয়েক মাস বন্ধ ছিল। তবে পরে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের নিষেধাজ্ঞা প্রত্যাহার করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের উল্লেখযোগ্য সংখ্যক পদ শূন্য থাকায় একাডেমিক কার্যক্রমে বিঘ্ন ঘটছে। এ ব্যাপারে অতি দ্রুত পদক্ষেপ নিয়ে শিক্ষকদের শূন্য পদগুলো পূরণ করা প্রয়োজন বলে কয়েকজন শিক্ষক মন্তব্য করেন।